

আগামী বছর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে সিমেস্টার পদ্ধতি চালু হতে পারে

কাগজ প্রতিবেদক : শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বলেছেন, সরকার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শ্রেণীতে পর্যায়ক্রমে সিমেস্টার পদ্ধতি চালু করার কথা ভাবছে। আগামী বছর থেকেই এ পদ্ধতি চালু হওয়ার সম্ভাবনা রয়েছে। সিমেস্টার পদ্ধতি চালু হলে নকল প্রবণতা আর থাকবে না।

গতকাল ওক্টোবর নিউইন্টারন্যাশনাল পিয়াম মিলনায়তনে আসন্ন এইচএসসি পরীক্ষা

● একমুদ্রা ২ কলাম

আগামী বছর মাধ্যমিক

● একমুদ্রা ২ কলাম

নকলমুক্ত ও পূর্ণ পরিবেশে গ্রহণ করার লক্ষ্যে মোটাইভেশন সভায় প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক এ কথা বলেন।

সভায় বিশেষ অতিথি ছিলেন শিক্ষা প্রতিমন্ত্রী আনম এছানুল হক মিলন। শিক্ষা মন্ত্রণালয়ের সচিব শহীদুল আলম সভায় সভাপতিত্ব করেন। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা সোর্ড ঢাকার চেয়ারম্যান অধ্যাপক মোহাম্মদ জোনাইদ, ঢাকার জেলা প্রশাসক সৈয়দ নব্বিন মুসলিমসহ, নরসিংদী, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ জেলার ডি.পি.এসপি এবং ঢাকা বিভাগের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ।

শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বলেন, এবারের এসএসসি পরীক্ষায় সবের সহযোগিতায় মকলের প্রবণতা দূর হয়েছে। আমরা ছাত্রছাত্রীদের পড়ার টেবিল নেওয়ার ডেটা করছি। আগের মতো পরীক্ষায় নকল হয় না, এ ধারা ধরে রাখতে হবে। তিনি বলেন, শিক্ষাক্ষেত্রে স্বল্প ও দীর্ঘমেয়াদি সরকার কার্যক্রমের উদ্যোগ নেওয়া হয়েছে। জরুরি থেকে বার্ষিক পরীক্ষা পর্যন্ত বহুতা থাকতে হবে। তিনি বলেন, নিষ্ঠাবান শিক্ষকদের স্বার্থ রক্ষায় ও তাদের মূল্যায়ন করতে বর্তমান সরকার সচেষ্ট। তবে কোনো শিক্ষক শ্রেণীকে ফাঁকি দিলে তাদের বিরুদ্ধেও কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

শিক্ষামন্ত্রী বলেন, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শ্রেণীতে সরকার সিমেস্টার সিস্টেম চালু করার চিন্তা-ভাবনা করছে। আগামী বছর থেকেই এই সিস্টেম চালু হওয়ার সম্ভাবনা রয়েছে।

শিক্ষা প্রতিমন্ত্রী আনম এছানুল হক মিলন বলেন, সরকার শিক্ষকদের নিরাপত্তা নিশ্চিত করার পর্যাপ্ত ব্যবস্থা নিয়েছে। কোনো শিক্ষক পরীক্ষার হলে লাঞ্চিত কিংবা আহত হলে তাদেরকে টাকাও দিয়েছে। যারা লাঞ্চিত করেছে সেইসব সম্বাসীর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হয়েছে। তিনি বলেন, যেকোনো মূল্যে বর্তমান সরকার পরীক্ষার হল নকলমুক্ত রাখতে চায়।

অধ্যাপক মোহাম্মদ জোনাইদ বলেন, পরীক্ষার হলে আগের মতো নকল হচ্ছে না। গত বছর থেকে ছাত্রছাত্রীরা সচেতন হয়ে উঠেছে যে নকল করে পরীক্ষা দেওয়ার আর সংযোগ নেই। তাই এবারের এসএসসি পরীক্ষায় ভেদন নকল হয়নি। আসন্ন এইচএসসি পরীক্ষায় ভেদ নকল না হয় একমুদ্রা শিক্ষক-অভিভাবকদের সচেতন থাকতে হবে।

শিক্ষা সচিব শহীদুল আলম বলেন, মাধ্যমিক শ্রেণীতেও সিমেস্টার সিস্টেম

চালু হতে পারে। আগামী বছর উচ্চ থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত সিমেস্টার পদ্ধতি চালু করা